



## আমাকে কেবল রাখবেন না।

~~প্রতিটি  
all divisions  
website~~

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৭৮.১৮.০০৩.১৭(অংশ-১)/ ৬৪৪ (৮)

তাৰিখ: ২২/০৮/২০১৮

বিষয় : বিভিন্ন প্রজ্ঞাপনভূক্ত পণ্যের রেয়াতী সুবিধায় আমদানি তথ্য নিরীক্ষাকরণ।

*DC-1*

উপর্যুক্ত বিষয়ে বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিভিন্ন এসআরও এর আওতায় কিছু কিছু পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকারকগণ রেয়াতী সুবিধা ভোগ করে থাকেন। সম্প্রতি অনলাইন ভ্যাট রেজিস্ট্রেশনের সুযোগ নিয়ে অনেকের একাধিক ভ্যাট রেজিস্ট্রেশন এর বিপরীতে উজ্জ্বল রেয়াতী সুবিধায় বিভিন্ন ধরনের পণ্য আমদানির প্রবণতা বৃদ্ধি পেয়েছে মর্মে তথ্য রয়েছে। গত ২৯/০৩/২০১৮ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত ভ্যাট নিরীক্ষা ও গোয়েন্দা বিষয়ক টাক্ষফোর্স এর সভায় বিষয়টি পর্যালোচনা হয়েছে। সার্বিক পর্যালোচনায় নিম্নরূপ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত হয়েছে:

- (১) শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর উজ্জ্বল রেয়াতী সুবিধায় আমদানিযোগ্য পণ্যের এইচ.এস কোড ভিত্তিক আমদানি তথ্য যাচাইপূর্বক আমদানিকারক প্রতিষ্ঠানের নিবন্ধিত ঠিকানায় প্রতিষ্ঠানের অন্তিম সরেজমিনে তদন্ত করে সংশ্লিষ্ট এসআরও এর শর্তাবলী যথাযথভাবে পরিপালন করা হয়েছে কিনা তা যাচাই করে দেখবেন;
- (২) রেয়াতী সুবিধায় পণ্য খালাস পরবর্তী সংশ্লিষ্ট কাস্টম হাউসের পত্রসূত্রে সকল ভ্যাট কমিশনারেট নির্ভরযোগ্য কর্মকর্তার মাধ্যমে সরেজমিনে তদন্তপূর্বক সংশ্লিষ্ট এসআরও এর শর্তাবলী পরিপালন বিষয়ে নিশ্চিত হয়ে প্রত্যয়ণপত্র/প্রতিবেদন সংশ্লিষ্ট কাস্টম হাউসে প্রেরণ করবেন;
- (৩) কোন কর্মকর্তা সরেজমিন তদন্তে অসত্য প্রতিবেদন দাখিল করলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সকল ভ্যাট কমিশনারেট পত্র জারী করবেন।

০৩। এমতাবস্থায়, উপরোক্ত পর্যালোচনা ও সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রমের অগ্রগতি নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

[খন্দকার মুহাম্মদ আমিনুর রহমান]  
সদস্য (শুল্ক: নিরীক্ষা ও আয়ুনিকায়ন  
ও আন্তর্জাতিক বাণিজ্য চুক্তি)

ও  
আহ্বায়ক  
মূসক নিরীক্ষা ও গোয়েন্দা বিষয়ক টাক্ষফোর্স।

### প্রাপকঃ

- ০১। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর।
- ০২। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর।
- ০৩। কমিশনার, কাস্টমস্‌ একাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
- ০৪। টাক্ষফোর্সের অন্যান্য সদস্য।

### অনুলিপি: (অবগতির জন্য):

- ০১। সদস্য (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০২। সদস্য (মূসক: নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৩। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।